

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশন স্কিম, এসইডিপি
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।



E-mail: pbgsedp2021@gmail.com

স্মারক: পিবিজিএসআই/ এসইডিপি/ এসএমএজি/ ৪৪/ ২০২৩/ ২৮০


তারিখ: ১৪/০৯/ ২০২৩ খ্রি.

বিষয়: পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI) স্কিমের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে “স্কুল/ মাদ্রাসা/ কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG)” প্রাপ্ত ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার বিল ভাউচার প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: পিবিজিএসআই/ এসইডিপি/ এসএমএজি/ ৪৪/ ২০২৩/২৭২ তারিখ: ৩১/০৮/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (SEDP) এর আওতাভুক্ত এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নহীন পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI) স্কিমের আওতায় ২০২২-২৩ অর্থবছরে ৫০০০ প্রতিষ্ঠানে “স্কুল/ মাদ্রাসা/ কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG)” হিসেবে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা করে প্রদান করা হয়েছে। উক্ত ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার খাতভিত্তিক ব্যয় এবং প্রযোজ্য ক্ষেত্রে নির্ধারিত আয়কর, ভ্যাট ও অব্যয়িত টাকা (যদি থাকে) সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক চালানের কপি ও বিল ভাউচার স্কিম দপ্তরে প্রেরণের জন্য সূত্রোক্ত স্মারকে অনুরোধ করা হয়েছে। কিছু কিছু প্রতিষ্ঠান উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের মাধ্যমে সম্পূর্ণ বিল ভাউচার না পাঠিয়ে প্রতিষ্ঠান থেকে শুধু আয়কর ও ভ্যাট এর চালানের কপি প্রেরণ করেছে।

বর্নিত অবস্থায় আয়কর, ভ্যাট ও অব্যয়িত টাকা সরকারি কোষাগারে জমাদানের চালানের কপিসহ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার সম্পূর্ণ বিল ভাউচারের ফটোকপি প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করে আগামী ৩০.০৯.২০২৩ খ্রি. তারিখের মধ্যে স্কিম দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


১৪/০৯/২০২৩
প্রফেসর চিত্ত রঞ্জন দেবনাথ
স্কিম পরিচালক
ফোন: ০২২২৬৬৭৩০০


উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
উপজেলা.....
জেলা.....

স্মারক: পিবিজিএসআই/ এসইডিপি/ এসএমএজি/ ৪৪/ ২০২৩/ ২৮০

তারিখ: ১৪/০৯/ ২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতারভিত্তিতে নয়):

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) অতিরিক্ত সচিব ও ন্যাশনাল প্রোগ্রাম কো অর্ডিনেটর, এসইডিপি, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ৩) অতিরিক্ত সচিব ও প্রোগ্রাম কো অর্ডিনেটর, পিসিইউ-এসইডিপি, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ৪) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ৫) জেলা শিক্ষা অফিসার (সকল);
- ৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ৭) অধ্যক্ষ/ প্রধান শিক্ষক, SMAG/MMAG/GBAG সুবিধাপ্রাপ্ত সকল প্রতিষ্ঠান। (চালান ও ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার বিল ভাউচারের ফটোকপি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে জমা প্রদানের অনুরোধসহ।
- ৮) সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, SMAG/MMAG/GBAG সুবিধাপ্রাপ্ত সকল প্রতিষ্ঠান।
- ৯) সিনিয়র সিস্টেমস এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ঢাকা। (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।)
- ১০) সংরক্ষণ নথি।


১৪/০৯/২০২৩
(শাহানা জ পারভীন কাজল)
উপপরিচালক